



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং-০৫ (১৮২)/জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএড/৯৯/অংশ-০৪/২০১৭/৮০৩৩

তারিখ : ২৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১০ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সালের বি.এড ২য় সেমিস্টার ও বি এড (পুরাতন সিলেবাস) পরীক্ষার অনূশীলন পাঠদান-১ (পুরাতন) ও মৌখিক এবং অনূশীলন পাঠদান-২ (২য় সেমিস্টার) ও মৌখিক পরীক্ষার নম্বর প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদসংক্রান্ত বিষয়ের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বি.এড দ্বিতীয় সেমিস্টার ও বি এড (পুরাতন সিলেবাস) পরীক্ষার এবং অনূশীলন পাঠদান-১ ও মৌখিক(পুরাতন) এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক(২য় সেমিস্টার) পরীক্ষার নম্বর প্রেরণ সংক্রান্ত

ওয়েব সাইটঃ www.nubd.info/bed

ই-মেইলঃ bed@nubd.info

পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষার্থীদের অনূশীলন পাঠদান-১ ও মৌখিক (পুরাতন) এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক(২য় সেমিস্টার) পরীক্ষার তালিকা ওয়েবসাইট থেকে প্রিন্ট করা যাবে। উক্ত প্রিন্টকৃত তালিকায় পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ পূর্বক পরীক্ষক কর্তৃক আলাদাভাবে হাতে এন্ট্রিকৃত মূল নম্বর ফর্দ অনুযায়ী উল্লিখিত ওয়েব সাইটে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত পাসওয়ার্ড ব্যবহার করে নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে এন্ট্রি করতে হবে।

১। পরীক্ষা গ্রহণ ও On-line-এ নম্বর এন্ট্রি করার সময়সীমাঃ

ক)	অনূশীলন পাঠদান-১ ও মৌখিক এবং অনূশীলন পাঠদান-২ (২য় সেমিস্টার) ও মৌখিক পরীক্ষার নম্বর পরীক্ষা গ্রহণের সময়সীমা	১৬/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮
খ)	অনূশীলন পাঠদান-১ ও মৌখিক(পুরাতন) এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক(২য় সেমিস্টার) পরীক্ষার নম্বর On-line-এ এন্ট্রি করার তারিখ	১৬/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮
গ)	অনূশীলন পাঠদান-১ ও মৌখিক(পুরাতন) অনূশীলন পাঠদান-২ ও মৌখিক (২য় সেমিস্টার) পরীক্ষার নম্বর ফর্দসহ সকল কাগজপত্রাদি বিশ্ববিদ্যালয়ের জমা দেয়ার তারিখ	০১/০২/২০১৮

২। পরীক্ষাগ্রহণ ও নম্বরফর্দ তৈরীঃ

অন-লাইন থেকে প্রাপ্ত তালিকা মোতাবেক অনূশীলন পাঠদান-১ ও মৌখিক(পুরাতন) এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক(২য় সেমিস্টার) পরীক্ষার নম্বর বিষয়ওয়ারী লিপিবদ্ধ পূর্বক মূল নম্বর ফর্দের প্রতি পৃষ্ঠায় নির্ধারিত স্থানে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করে মূল ম্যানুয়াল কপি প্রস্তুত করতে হবে। উক্ত ম্যানুয়াল স্বাক্ষরকৃত নম্বরফর্দ অনুযায়ী যথাসময়ে অন-লাইনে এন্ট্রি কাজ সম্পন্ন করার পর প্রিন্ট কপি অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর নিম্নোক্তভাবে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ ও সংরক্ষণ করতে হবে।

৩। হাজিরাপত্র, নম্বর ফর্দসহ সকল কাগজপত্রাদি জমা/প্রেরণঃ

ক) অনূশীলন পাঠদান-১ ও মৌখিক (পুরাতন)এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক (২য় সেমিস্টার) পরীক্ষার নম্বরফর্দের মূল ম্যানুয়াল কপি, এন্ট্রিকৃত প্রিন্ট কপি (এক কপি) এবং হাজিরাপত্র একটি খামে সীলগালা অবস্থায় জনাব মোঃ আবু হোরায়েরা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ বরাবর হাতে হাতে বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

খ) অনূশীলন পাঠদান-১ ও মৌখিক (পুরাতন)এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক (২য় সেমিস্টার) পরীক্ষার এন্ট্রিকৃত নম্বরফর্দের প্রিন্ট কপির ফটোকপি (এক কপি) পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ বরাবর হাতে হাতে বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

গ) অনূশীলন পাঠদান-১ ও মৌখিক (পুরাতন)এবং অনূশীলন পাঠদান-২ ও মৌখিক (২য় সেমিস্টার) পরীক্ষার মূল ম্যানুয়াল কপির ফটোকপি (এক কপি) সীলগালা অবস্থায় অধ্যক্ষ সংরক্ষণ করবেন।

৪। অনিয়মিত পরীক্ষার্থীদেরও বিগত বছরে সংগৃহীত অভ্যন্তরীণ পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। তবে যে সকল পরীক্ষার্থীদের ফলাফলে পূর্ববর্তী পরীক্ষায় নম্বর রয়েছে তাদের ক্ষেত্রে পূর্বের নম্বর বহাল থাকবে।


৫। অন-লাইনে নম্বর এন্ট্রি দেয়ার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। কোন অবস্থাতেই অন-লাইনে একবার এন্ট্রিকৃত কোন নম্বর সংশোধন করা যাবে না। এছাড়া ফলাফল প্রকাশের পর অভ্যন্তরীণ পরীক্ষার (কলেজ রেকর্ড) অন-লাইনে এন্ট্রিকৃত নম্বরের কোন প্রকার সংশোধন ও সংযোজন কোনভাবেই গ্রহণ করা হবে না।

৬। বিবিধঃ

ক) On-line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষকে User ID and Password স্ব-স্ব কলেজ নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

খ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সাপোর্ট নিতে ই-মেইলে (bed@nubd.info) যোগাযোগ করা যেতে পারে।

গ) উল্লিখিত ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রীয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।


(সদরকর্ত্তা)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৪

ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪


ই-মেইল : controller@nu.edu.bd

স্মারক নং-০৫ (১৮২)/জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএড/৯৯/অংশ-০৪/২০১৭/৮০৩৩

তারিখ : ২৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১০ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ২। অধ্যক্ষ, বি.এড পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
- ৩। অফিস কপি।


(মোঃ আবু হোরায়েরা)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোনঃ ০১৯২২৬১৬৮০৮৭, ০২-৯২৯১০৪২